সূচিপত্র

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের বিস্তারিত তথ্য ও বিবরণ

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা নং
০১	প্রাণিসম্পদ অধিদপ্তর	৩ – ২১
০২	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট	২২ – ৩০
০৩	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	৩১ – ৩২
০৪	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	৩৩ – ৪২
০৫	বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট	৪৩ – ৫৬
০৬	মেরিন ফিশারিজ একাডেমি	৫৭ - ৫৯

পটভূমি

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে একসেস টু ইনফরমেশন প্রোগ্রাম (a2i) প্রধানমন্ত্রীর কার্যালয়ের তত্ত্বাবধানে রূপকল্প ২০২১ পূরণে উল্লেখযোগ্য সংখ্যক উদ্যোগ গ্রহণ করেছে। এসব উদ্যোগের মধ্যে সেবা সহজিকরণ গুরুত্বপূর্ণ। সেবা সহজিকরণ মূলনীতি হলো নাগরিকদের সহজে দ্রুত সেবা পৌছে দেয়া।

সরকারের রূপকল্প বাস্তবায়নের জন্য a2i প্রোগ্রাম, মন্ত্রিপরিষদ বিভাগের সহায়তায় ই-গর্ভনেন্স প্রতিষ্ঠা এবং সেবা উদ্ভাবনের মাধ্যমে সরকারি কর্মকর্তাদের সরকারি চাকুরির সক্ষমতা বৃদ্ধির উপর দৃষ্টি নিবদ্ধ করেছে। এ প্রেক্ষিতে a2i প্রোগ্রাম একটি পরীক্ষামূলক লার্নিং প্রসেস নির্ধারণ করে, যার মাধ্যমে মাঠ পর্যায়ের তরুণ কর্মকর্তাগণ (যাদের সম্পদের ওপর কর্তৃত্ব এবং নিয়ন্ত্রণ কম কিন্তু জনগণকে সেবা প্রদান করার জন্য সরাসরি দায়ী) তাদের নিজ দায়িত্বের বাইরে গিয়ে ছোট ছোট নতুন পাইলট প্রকল্প গ্রহণ করে সেবায় আত্মনিয়োগ করতে পারে। এসব প্রকল্পের মাধ্যমে তারা কর্মক্ষেত্রে চ্যালেঞ্জ গ্রহণ করে নিজ নিজ সেবা খাতে নতুন ধারণা যোগ করে সেবার মান বৃদ্ধি করতে পারে। ফলশ্রুতিতে সেবা গ্রহণকারীর সেবা গ্রহণে সময়, খরচ এবং ভ্রমণের ব্যয় হ্রাস পায়। এ প্রক্রিয়ায় তারা একজন সহমর্মীর অবস্থানে গিয়ে সেবা গ্রহণকারীর অবস্থা বিবেচনা করে বন্ধুত্বপূর্ণ পন্থায় তাদের সমস্যা দূরীকরণে আত্মনিয়োগ করে। সেবা গ্রহণকারীর সমস্যা সমাধান করতে গিয়ে কর্মকর্তাগণ নতুন নতুন ধারণা উদ্ভাবন করে।

এ পাইলট উদ্যোগ বাস্তবায়ন প্রক্রিয়ায় উদ্যোগ গ্রহণকারীর গবেষণা ও সংশ্লিষ্টদের পরামর্শে একটি বাস্তবায়নযোগ্য সমাধান বের হয়ে আসে। স্থানীয় সম্পদ ও সুবিধাভোগীদের সমর্থন নিয়ে নিজ নিজ দপ্তর/সংস্থার সমস্যা চিহ্নিত করে একটি বাস্তবায়ন পরিকল্পনা উদ্ভাবনে তরুণ কর্মকর্তাগণ সফল হয়েছে। এ শোকেসিং এর মাধ্যমে প্রণীত সংশ্লিষ্ট অধিদপ্তর ও মন্ত্রণালয়ের সংগে আলোচনা করে পাইলট উদ্যোগ চূড়ান্ত করা হয়। প্রশিক্ষণার্থী অফিসারগণ পাইলট প্রকল্প পরিচালনার জন্য স্থানীয় সম্পদ গ্রহণ, বাস্তবায়ন দল গঠন এবং সম্ভাব্য অংশীদারিত্ব অনুসন্ধান করে উদ্যোগগুলো বাস্তবায়ন করে।

এটা আমদের গর্বের বিষয় যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রথম মন্ত্রণালয় যারা ২০১৯ সালে ৩য় পর্যায়ে ইনোভেশন শোকেসিং আয়োজন করছে, অন্য কোন মন্ত্রণালয় ৩য় পর্যায়ে ইনোভেশন শোকেসিং আয়োজন করে নি। শোকেসিং-এ মোট ৩৪টি উদ্ভাবনীকে শোকেসিং করা হয়েছে, তাঁর মধ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ১টি, মৎস্য অধিদপ্তর ১২টি, প্রাণিসম্পদ অধিদপ্তর ১১টি, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন ১টি, বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট ৪টি, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট ৩টি, বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল ১টি ও মেরিন ফিশারিজ একাডেমী ১টি করে উদ্ভাবনী শোকেসিং করা হয়েছে। শোকেসিং-এ উপস্থাপিত ৩৪টি উদ্ভাবনীর মধ্যে ৩টি উদ্ভাবনকে রেপ্লিকেশনের করার সিদ্ধান্ত গৃহীত হয়।

ভিশন ও মিশন

রূপকল্প (Vision):সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ নিশ্চিতকরণ।

অভিলক্ষ্য (Mission):মৎস্য ও প্রাণিজ পণ্যের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদা পূরণ।

প্রাণিসম্পদ অধিদপ্তর

ভূমিকা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সূচিত পথ ধরে তাঁরই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বেবাংলাদেশের উন্নয়ন অগ্রযাত্রায় ও আর্থসামাজিক উন্নয়নে প্রাণিসম্পদ অধিদপ্তর অর্জন করেছে অভাবনীয় সাফল্য। শ্রমঘন, তুলনামূলক স্বল্প বিনিয়োগ এবং স্বল্প ভূমিতে বাস্তবায়নযোগ্য বিধায় অনুকূল জাতীয় প্রেক্ষাপটে দেশে প্রাণিসম্পদ শিল্প দ্রুত বিকাশ লাভ করছে। এই খাতের উন্নয়ন ও প্রসারের সাথে সাথে প্রাণিসম্পদ অধিদপ্তরের কাজের পরিধি ও পরিমাণ অনেক বৃদ্ধি পেয়েছে। প্রাণিসম্পদ অধিদপ্তর দেশের প্রাণিজ আমিষের চাহিদা পুরণের লক্ষ্যে গবাদিপশু জাত সংরক্ষণ , দুগ্ধ উৎপাদনসহ হাঁস-মুরগির উৎপাদন বৃদ্ধি, রোগ নিয়ন্ত্রণ ও জাত উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ খাতে দেশের মোট জনসংখ্যার প্রায় ২০% প্রত্যক্ষ এবং ৪৫% পরোক্ষভাবে প্রাণিসম্পদ খাতের ওপর নির্ভরশীল। ২০১৭-১৮ অর্থবছরে মোট অভ্যন্তরীণ উৎপাদন বা জিডিপিতে প্রাণিসম্পদ খাতের অবদান ১.৫৪ শতাংশ এবং প্রবৃদ্ধির হার ৩.৪০ শতাংশ। মোট কৃষিজ জিডিপিতে প্রাণিসম্পদ খাতের অবদান প্রায় ১৩.৬২ ভাগ, জিডিপির আকার ৩৯৬২৪.৬ কোটি টাকা। প্রাণিসম্পদ অধিদপ্তরের নিরলস প্রচেষ্টায় ৭ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় দুধ, মাংস ও ডিমের স্থিরকৃত চাহিদা যথাক্রমে ১৫০ মিলি লি./দিন, ১১০ গ্রাম/দিন এবং ৯৫টি/বছরে অর্জিত হয়েছে।

এটুআই প্রোগ্রাম ,মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের নেতৃত্বে রাষ্ট্রীয় সেবা জনগণের দোরগোড়ায় পৌছে দেয়ার উদ্যোগে প্রাণিসম্পদ অধিদপ্তর আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে । বর্তমানে সারাদেশে ২২ টি উদ্ভাবনী উদ্যোগ ৩২ টি উপজেলায় চলমান আছে । কৃষি নির্ভর বাংলাদেশে জাতীয় অর্থনীতির প্রবৃদ্ধি, পুষ্টি নিরাপত্তা এবং দারিদ্রতা নিরসনে প্রাণিসম্পদের অবদান খুবই গুরূত্বপূর্ণ। সময় সাশ্রয়, ব্যয় হ্রাস এবং ভোগান্তি লাঘব এ তিন মূলনীতির উপর ভিত্তি করে প্রাণিসম্পদ অধিদপ্তর ইনোভেশন কার্যক্রম পরিচালিত করে থাকে।

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০১

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ **ইউনিয়ন পরিষদে "ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র" স্থাপন**

২। সমস্যাঃ প্রান্তিক কৃষকদের জন্য প্রাণিস্বাস্থ্য সেবা গ্রহণ কষ্টসাধ্য, ব্যয়বহুল ও সময় সাপেক্ষ; টিকা গ্রহণে প্রান্তিক কৃষকদের অধিক যাতায়াত ব্যয়; সঠিক সময়ে কৃত্রিম প্রজনন সেবা গ্রহণে অপারগতা; প্রযুক্তি ও পরামর্শ সেবা গ্রহণে যাতায়াতের অসুবিধায় কাঙ্ক্ষিত সেবা গ্রহণে অনিহা; ছোট খাট সমস্যায় দূরবর্তী হাসপাতালে গমনের অনীহায় রোগের প্রকোপ বৃদ্ধি; সার্ভিলেন্স কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে সমস্যা।

৩। সমাধানঃগ্রামাঞ্চলে পুরুষরা কাজের জন্য বাড়ির বাহিরে থাকে বিধায় নারী ও শিশুরাই মূলতঃ প্রাণিদের দেখভাল করে, কাজেই দোরগোরায় সেবাকেন্দ্র নারী, শিশু, প্রতিবন্ধী ও সুবিধাবঞ্চিতদের জন্য সেবা গ্রহনে বিশেষ অবদান রাখবে এবং সেবাগ্রহনে সময়, ভিজিট ও ব্যয় হ্রাস পাবে। সেবাকেন্দ্র স্থাপনের মাধ্যমে প্রাণী পালনকারিদের সেবা গ্রহনে ভোগান্তি নিরসন পূর্বক গবাদিপ্রাণি ও হাঁস-মুরগি পালনে এবং খামার স্থাপনে মানুষ কে অনুপ্রানিত করা সহ আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি সম্ভব হবে ।

৪। বর্ননা (ছবিসহ): প্রকৃত পক্ষে, আমাদের আর্থসামাজিক অবস্থায় প্রাণিসম্পদের গুরুত্ব অনুযায়ী এর উন্নয়ন অত্যন্ত জরুরী এবং এর জন্য প্রয়োজন যথাযথ বাস্তব পরিকল্পনার। এই উদ্যোগটি মূলতঃ প্রাণিসম্পদের প্রসারের মাধ্যমে কুড়িগ্রাম সদর এর দরিদ্র মানুষের জীবন-জীবিকা উন্নত করার লক্ষ্যে প্রণীত। ভূমিহীন ও দরিদ্র জনগনের একটি বড় অংশ পরিবারিক পর্যায়ে প্রাণিসম্পদ লালন পালন করলেও এর ব্যবস্থাপনা ও খাদ্যের বিষয়টি তারা গুরুত্বের সাথে ভাবেন না। আবার দারিদ্রের কারণেও এর সুষ্ঠু

ব্যবস্থাপনা, খাদ্য ও চিকিৎসা নিশ্চিত করা সম্ভব

হয়ে উঠেনা। অন্যদিকে জনবল সংকটের কারনে সরকারের দিক থেকে নির্ধারিত সেবা (চিকিৎসা ও অন্যান্য) মূলতঃ উপজেলা কেন্দ্রিক হওয়ার কারণে গ্রাম পর্যায় থেকে প্রাণি সম্পদের সেবা গ্রহন সম্ভব হয়ে উঠেনা। ফলে, প্রাণিসম্পদের কাংখিত উন্নয়ন এবং এ থেকে প্রাপ্য সম্ভাব্য আর্থিক সুবিধা তারা গ্রহণ করতে পারেন না।





এই উদ্যোগটির মূল দর্শন হচ্ছে ইউনিয়ন পর্যায়ে প্রাণিসম্পদ সেবাকেন্দ্র স্থাপনের মাধ্যমে সংশ্লিষ্ট সেবা সমূহ জনগনের নাগালের মধ্যে নিয়ে যাওয়া এবং সেবা গ্রহণে সময়, ভিজিট ও ব্যয় কমানো।

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

৬। টিসিবি (যদি থাকে)

৭। প্রত্যাশিত ফলাফল

বিষয়	পূর্বের অবস্থা	প্রত্যাশিত ফলাফল (টিসিভির আলোকে)	অর্জিত ফলাফল
সময়	২-৮ ঘন্টা	১০ মিঃ-২ ঘন্টা	১০মিঃ-২ ঘন্টা
খরচ	৫০০/- ৫০০০/=	০-৫০০/=	০-৫০০/=
যাতায়াত	৫-১০ বার	২-৩ বার	১-২ বার
কৃত্রিম প্রজনন ও টিকাদান	সঠিক সময়ে হয় নাই	সঠিক সময়ে হবে	সঠিক সময়ে হচ্ছে

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: বর্তমানে দেশব্যাপি ৮০টি উপজেলায় রেপ্লিকেশনের কার্যক্রম চলমান রয়েছে।

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ, ২৮/০২/২০১৮ খ্রি.

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল:

ডাঃ অমিতাভ চক্রবর্ত্তী, উপ সচিব

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়,

মোবাইল- ০১৭১২২০৬৬৪৪, email:amitavodvm@gmail.com

১০। ভিডিও (যদি থাকে)

<u>উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০২</u>

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ বিনামূল্যে মোবাইল এস এম এস সার্ভিসের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের সেবা প্রদান

২। সমস্যাঃ বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে, উপজেলা সদর থেকে দূরের অঞ্চলে, চরাঞ্চলে এবং দুর্গম এলাকার দরিদ্র কৃষক, হাঁস মুরগী, গরু মহিষ, ছাগল ভেড়া পালনকারী, এবং অন্যান্য খামারীগনের নিকট সহজে এবং সরাসরি প্রাণিসম্পদ অধিদপ্তরের পরামর্শ ও চিকিৎসা সেবা পৌঁছে না । এতে ক্ষতিগ্রস্থ হন দরিদ্র কৃষক, প্রান্তিক চাষী, অসহায় বিধবা ও স্বামী পরিত্যাক্তা মহিলা, হাঁস-মুরগী, গরু-মহিষ, ছাগল-ভেড়া পালনকারী, এবং অন্যান্য খামারীগন।

৩। সমাধানঃ বর্তমানে প্রাণিসম্পদ অধিপ্তরের জন্য BCC - তে একটি Mobile SMS Server স্থাপন করা হয়েছে এবং SMS Service Software এর মাধ্যমে বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলে যেখানে সরাসরি চিকিৎসা সেবা পৌঁছে না অর্থাৎ উপজেলা সদর থেকে দূরের অঞ্চলে, চরাঞ্চলে এবং দুর্গম এলাকার দরিদ্র কৃষক, হাঁস মুরগী, গরু মহিষ, ছাগল ভেড়া পালনকারী, এবং অন্যান্য খামারীগনকে এস. এম. এস সার্ভিসের মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরের সেবা প্রদান করা হচ্ছে।

৪। বর্ননা (ছবিসহ)

বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলের কৃষক ও খামারিগন তাদের মোবাইল থেকে প্রাণিসম্পদ সম্পর্কিত সমস্যার কথা লিখে ১৬৩৫৮ (টোল ফ্রি) নম্বরে এস এম এস পাঠালে ডাটাবেজ থেকে ফিরতি এস এম এসে উত্তর পেয়ে যাবে। ডাটাবেজে উত্তর না থাকলে তা আন-আন্সারড ফোল্ডারে জমা থাকবে এবং ম্যানুয়ালি তার উত্তর দেওয়া হবে। ডাটাবেজে ৫১৬০০ প্রশ্ন ও উত্তর রয়েছে। তাছাড়া অনলাইনেও স্মার্ট ফোন, ট্যাব, ল্যাপ্টপ বা ডেস্কটপ থেকেও sms.dls.gov.bd web page থেকে ২৪ ঘন্টা (সপ্তাহে ৭ দিন) সেবা পাওয়া যাবে।



৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

৬। টিসিবি (যদি থাকে)

টিসিবি	সময়	খরচ	যাতায়াত
বাস্তবায়নের পূর্বে	৮-১০ ঘন্টা	৫০০/- - ৩,০০০/-	২০০/- - ৩০০/-
বাস্তবায়নের পরে	৩-৫ সেকেন্ড	খরচ নাই	০০
প্রত্যাশিত সুবিধা	অত্যন্ত কম সময়	খরচ নাই	ঘরে বসে সেবা পাচ্ছেন

৭। প্রত্যাশিত ফলাফল:

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: বাংলা ভার্সন-এর কাজ চলমান

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ, ২৮/০২/২০১৮ খ্রি.

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ই-মেইল:

মোঃ সোহরাব হোসেন, প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা

মোবাইল-০১৭১১-৪৮৯০২৩; ই-মেইল- sohrab@dls.gov.bd

১১। ভিডিও (যদি থাকে)

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০৩

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ **স্কুল আঙ্গিনায় ঘাসের বাগান**

২। সমস্যাঃ অসচেতনতা, তথ্যের অপ্রতুলতা ও প্রয়োজনীয় কারিগরী জ্ঞানের অভাবে কৃষকরা ঘাস চাষে উদ্বোদ্ধ হয় না, ফলে ঘাস চাষ সম্প্রসারণ না হওয়ার পাশাপাশি কৃষকদের পালিত গবাদিপশু অপুষ্টিতে ভোগে এবং দুধ ও বাচ্চা উৎপাদন হ্রাস পাওয়াসহ নানাবিধ প্রজনন রোগে আক্রান্ত হয়। পরিণতিতে কৃষকরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয় এবং খামার স্থাপনে উৎসাহ হারিয়ে ফেলে। অসচেতনতা, তথ্যের অপ্রতুলতা এবং প্রয়োজনীয় কারিগরী জ্ঞানের অভাব। ঘাসের কাটিং সংগ্রহের জন্য অতিরিক্ত সময় ব্যয় ও যাতায়াত ব্যয়।

৩। সমাধানঃ পাইলট আকারে বরুয়াজানী হাসান উচ্চ বিদ্যায়ল,কাকরকান্দি ইউনিয়ন মাঠে ঘাস চাষ প্রদর্শনী পলট তৈরী করা হয়। শিক্ষকবৃন্দকে ঘাস ও ঘাস চাষ পদ্ধতি বিষয়ে টিওটি প্রশিক্ষণ দেওয়া হয়। শ্রেণী শিক্ষকগণ ছাত্রদের ঘাস ও ঘাস চাষ পদ্ধতি বিষয়ে জ্ঞান দান করেন। পরবর্তীতে ঘাসের কাটিং তৈরী করে ছাত্র-ছাত্রীদের হাতে তুলে দেওয়া হয়। তারা বাড়ীতে নিয়ে কাটিং রোপন করে। পরবর্তীতে এই ঘাস বড় হওয়ার পর আবারও কাটিং তৈরী করে ঘাস চাষ সম্প্রসারণ করা হচ্ছে।

৪। বর্ননা (ছবিসহ): বর্তমান অবস্থায় একজন খামারী/গবাদিপশু পালনকারী অফিসে এসে ঘাসচাষ বিষয়ে সেবা পেতে গিয়ে যে সময় ও অর্থ ব্যয় করেন তা থেকে পরিত্রাণ প্রদানের লক্ষ্যে অর্থাৎ প্রাণিসম্পদ অফিসে না এসেও তিনি যেন নিজ এলাকা থেকে সহজে সেবা পেতে পারেন তার জন্যই এই আইডিয়ার উদ্ভাবনের প্রচেষ্টা।

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

প্রয়োজনীয় সম্পদ			কোথা হতে পাওয়া যাবে?
খাত	**বিবরণ**	**প্রয়োজনীয় অর্থ**	
জনবল	৩ (তিন) জন	১,৫০০/-	অফিসিয়াল ববাদ্দ
বস্তুগত	কোদাল, নিরানি,দা, কাটিং,সাইন বোর্ড. সার, বেড়া,সেচ	৩,০০০/-	অফিসিয়াল বরাদ্দ
অন্যান্য	পলট তৈরীর জায়গা	----	স্কুল আঙ্গিনা
প্রয়োজনীয় মোট অর্থ	৪,৫০০/-		

৬। টিসিবি (যদি থাকে)

	সময়	**খরচ**	**যাতায়াত**
আইডিয়া বাস্তবায়নের আগে	**১ দিন**	**২০০/-**	**১-২ বার**
আইডিয়া বাস্তবায়নের পরে	**-----**	**----**	**----**
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	সময় লাগবে না	খরচ লাগবে না	যাতায়াত লাগবে না
অন্যান্য সুবিধাঃ	**গোখাদ্যের অভাব দূর হয়েছে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধি পেয়েছে। কৃষক অর্থনৈতিকভাবে লাভবান হয়েছে।**		

৭। প্রত্যাশিত ফলাফল

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: পাইলটিং সম্পন্ন হয়েছে। এখন রেপ্লিকেশনে যেতে হবে।

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ (উত্তর হ্যাঁ হলে শোকেসিং-এর তারিখ প্রদান করুন)

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল:

ডা. কুমুদ রঞ্জন মিত্র, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মুন্সিগঞ্জ;

মোবাইল-০১৭১২৫৫৩৩৫০,kumudranjan_10@yahoo.com

১১। ভিডিও (যদি থাকে)

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০৪

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ **তৃণমূল পর্যায়ে গবাদিপশু পালন ও গরু হৃষ্টপুষ্টকরণ**

২। সমস্যাঃ বৈজ্ঞানিক পদ্ধতিতে গরু **হৃষ্টপুষ্টকরণ সম্পর্কে জ্ঞানের অবাব। ক্ষতিকারক স্টেরয়েড ব্যবহার। প্রাণিজ আমিষের ঘাটতি। আধুনিক পদ্ধতি গবাদিপশু পালন সম্পর্কে ধারনার অভাব।**

৩। সমাধানঃ

৪। বর্ননা (ছবিসহ): প্রাণি প্রযুক্তি সম্পর্কে সঠিক ধারনার অভাবে সাধারণ মানুষ গবাদিপশু পালন করে কাঙ্খিত ফল পায় না। প্রান্তিক জনগনের বৈজ্ঞানিক পদ্ধিতে গরু হৃষ্টপুষ্টকরণ বিষয়ে অভিজ্ঞগতার অভাবে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকারক স্টেরয়েড ব্যবহার বেড়ে চলেছে। বর্তমান সরকারের লক্ষ্য জনগনের দোড়গোড়ায় গুনগতমান সম্পন্ন সেবা পৌছে দেওযা অর্থাৎ গ্রামীণ পর্যায় পর্যন্ত পশুপালন সর্ম্পকৃত তথ্যাদি পৌছে দেওয়া।

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

প্রয়োজনীয় সম্পদ			কোথা হতে পাওয়া যাবে?
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	
জনবল	নিজ দপ্তরের জনবল	-	--
বস্তুগত	ঔষধ, সার্টিফিকেট ও যাতায়াত ভাতা	২০০০০/-(প্রাপ্ত)	উপজেলা পরিষদের এডিপি ফান্ড
অন্যান্য	সফটওয়্যার ও ডাটাবেইজ তৈরি, ডকুমেন্ট তৈরি	৫০০০০/-	
প্রয়োজনীয় মোট অর্থ		২৫০০০০/-	উপজেলা পরিষদের এডিপি ফান্ড

৬। টিসিবি (যদি থাকে)

	সময়	**খরচ**	**যাতায়াত**
আইডিয়া বাস্তবায়নের আগে	৮-১২ দিন	১৫০০	৪ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	২ দিন	৫০	-
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	৮-১০ দিন সাশ্রয়	১৪৫০	-

৭। প্রত্যাশিত ফলাফল

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: পাইলটিং চলমান

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ, ২৮/০২/২০১৮ খ্রি.

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল:

ডাঃ ফারহানা জাহান, থানা প্রাণিসম্পদ কর্মকর্তা
থানা প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা মেট্রো
তেজগাঁও, ঢাকা। ০১৭৩৪-০৪৯৬৮১; fjrisha@gmail.com

১১। ভিডিও (যদি থাকে)

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০৫

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ গাভীর কৃত্রিম প্রজনন ট্র্যাকিং সিস্টেম

২। সমস্যাঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন অনুসারে ২০১৫-২০১৬ অর্থ বছরে সারা দেশে কৃত্রিম প্রজননের অর্জিত সংখ্যা ৩৪,৫৪,৮২০ । সংকর জাতের বাছুর উৎপাদন সংখ্যা ১১,৮৫,৩০৯ । সংকর জাতের বাছুর উৎপাদন হার **শতকরা ৩৪** ভাগ । অর্থাৎ প্রাণিসম্পদ অধিদপ্তরের তথ্যমতে দেশে **কৃত্রিম প্রজননের ৬৬ ভাগ** অর্থাৎ প্রায় দুই-তৃতীয়াংশ গাভী কৃত্রিম প্রজনন করানোর পরও সংকর জাতের বাছুর উৎপাদন করছে না । গাভী প্রতি প্রজননে গাভী পালনকারীর যদি ৩০০/- টাকা করে খরচ হয় তাহলে কৃত্রিম প্রজননের জন্য প্রতি বছর ক্ষতির পরিমাণ প্রায় ৭০ কোটি টাকা । এতে গাভী পালনকারী খামারীর সময়, খরচ ও ভিজিটি (যাতায়াত) নষ্ট হচ্ছে। সংকরায়নের শতকরা হার সম্পর্কে সঠিক তথ্য জানা না থাকায় সেবা গ্রহীতা বিভ্রান্তির স্বীকার হয়। গর্ভধারনে ব্যর্থ হলে দুইবার ফ্রি প্রজননের বিষয়ে সেবা গ্রহীতার স্বচ্ছ ধারনা না থাকায় ভোগান্তির স্বীকার হয় এবং আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়। সেবাগ্রহীতারা সরকারী প্রতিষ্ঠানের প্রতি আস্থা হারিয়ে ফেলে এবং বেসরকারী প্রতিষ্ঠানের দিকে ঝুঁকে পড়ে।

আবার বর্তমানে প্রচলিত পদ্ধতি- রেজিষ্টার **পদ্ধতি বিদ্যমান থাকায় ২.৫ বছর পরে F১ progeny'র** বংশের কুলনামা (pedigree history) সঠিকভাবে সংরক্ষণ না থাকার কারণে ক্ষুদ্র ও প্রান্তিক **গাভী পালনকারী এবং ডেইরী খামারী বা দুগ্ধ খামারীরা তাঁহাদের কাংখিত বা প্রত্যাশিত ফলাফল হতে** বঞ্চিত **হচ্ছে এবং দিন দিন হতাশার মধ্যে দিন কাটাচ্ছে । তাই, প্রজননকৃত গাভীর তথ্য সংরক্ষণে ডিজিটাল ব্যবস্থা চালু করলে এ অবস্থার উত্তরণ ঘটানো সম্ভব ।**

৩। সমাধানঃ

অনলাইনে গাভীর কৃত্রিম প্রজননের সকল তথ্য সংরক্ষণ www.dlsai.gov.bd.গাভীর বংশানুক্রম বা pedigree তথ্য সংরক্ষণের জন্য গাভীর কানে ডিজিটাল RFID ট্যাগ প্রদান। মোবাইল অ্যাপসের (Insemination Tracking) মাধ্যমে খামারীরা তাদেঁর প্রজনন সংক্রান্ত তথ্য পাবেন । গাভীর প্রজনন সংক্রান্ত স্ট্যান্ডাড ডাটাবেইজ পাওয়া যাবে । অপেক্ষাকৃত কম সময়ে অধিক উৎপাদনশীল সংকর জাতের গাভীর জাতের সৃষ্টি । অধিক পরিমান দুধ ও মাংশের উৎপাদন বৃদ্ধি । গাভীর জাতের বিশুদ্ধতা বা purity বংশানুক্রম তৈরী হবে । খামারীদের কৃত্রিম প্রজননে উৎসাহিত করার জন্য কৃত্রিম প্রজনন সুবিধা সম্বলিত ব্যানার ও লিফলেট প্রদান । ইউনিয়ন পর্যায়ের নির্বাচিত জনপ্রতিনিধি, কৃত্রিম প্রজনন কর্মী ও ভিএফএদের অবহিত করা এবং প্রশিক্ষণ প্রদান । নির্বাচিত নিম্ম ও মধ্যম পর্যায়ের গাভী পালন খামারীদের প্রশিক্ষণ প্রদান ।



৪। বর্ননা (ছবিসহ): কৃত্রিম প্রজননের মাধ্যমে সংকর জাতের গাভীর সৃষ্টি তথা গাভীর জাত উন্নয়ন প্রাণিসম্পদ অধিদপ্তরের সবচেয়ে জনপ্রিয় সেবা প্রদান পদ্ধতি। খামারীরা গাভীর কৃত্রিম প্রজননের পর কৃত্রিম প্রজনন উপকেন্দ্র বা পয়েন্টের সাথে তেমন কোন যোগাযোগ বা পরামর্শ করে না। ফলে খামারীরা প্রজননকৃত গাভীর সর্ম্পকে সঠিক তথ্যের অভাবে উক্ত গাভীর বাছুরের সঠিক নিদির্ষ্ট জাত উন্নয়নে তাঁরা বিভিন্ন রকম অসুবিধায় পড়ে। অপরদিকে সঠিক সময়ে কৃত্রিম প্রজনন তথ্যের অভাবে গাভীর জাত উন্নয়ন তথা বংশানুক্রম বা pedigree না জানার জন্য সঠিকভাবে জাত উন্নয়ন ঘটছে না। তাই কৃত্রিম প্রজননের মাধ্যমে গাভীর জাত উন্নয়ন তথা সঠিক মনিটরিং এর জন্য স্ট্যান্ডাড ডাটাবেইজের প্রয়োজন।



বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলা ১৪ টি ইউনিয়ন ও একটি পৌরসভা নিয়ে গঠিত। অন্যান্য উপজেলার ন্যায় উপজেলা প্রাণিসম্পদ বিভাগ বাকেরগঞ্জ, বরিশালের প্রধানতম কার্যক্রম হচ্ছে গবাদি পশু ও পাখির চিকিৎসা সেবা প্রদান, দেশি গাভীর জাত উন্নয়ন তথা কৃত্রিম প্রজনন সেবা প্রদান, গবাদি পশু ও পাখির প্রতিশোধক টিকা প্রদান কর্মসূচী এবং **গাভী বা ডেইরি পালন, গরু মোটাতাজাকরণ, হাসঁ, মুরগি (ব্রয়লার, লেয়ার, সোনালী) পালনকারী খামারীদের পরামর্শ প্রদান। কিন্তু প্রান্তিক পর্যায়ে সেবা প্রদানের একটি প্রধান সমস্যা হচ্ছে রের্কড কিপিং সিষ্টেম। যা বর্তমানে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে অ্যানালগ পদ্ধতি বা** রেজিষ্টার **পদ্ধতিতে সংরক্ষণ করা হচ্ছে। এর ফলে কৃষক বা খামারী তাঁর** গবাদি পশু ও পাখির উপরোক্ত সেবা দানের সঠিক তথ্য পাওয়া বেশ কষ্টসাধ্য এবং যথেষ্ট সময় সাপেক্ষ। কারণ, প্রয়োজনীয় জনবল সংকট, রেজিষ্টার লিপিবদ্ধকরণ ও সংরক্ষণ এবং তথ্যের অপ্রতুলতা ইত্যাদি। কৃত্রিম প্রজনন করানোর পর সাধারণত কৃত্রিম প্রজনন পয়েন্ট অথবা উপ-কেন্দ্রের সাথে খামারীর তেমন কোন যোগাযোগ থাকে না। খামারীর কৃত্রিম প্রজনন সম্পর্কে উপযুক্ত জ্ঞান না থাকায় বিভিন্ন ধরণের

বিভ্রান্তির স্বীকার হয়। যথাযথভাবে তথ্য সংরক্ষণের অভাবে সঠিক জাত ও এর ধারাবাহিকতা সম্পর্কে ধারনা পাওয়া যায় না। খামারীগণ গর্ভ পরীক্ষকরণের সময় সম্পর্কিত হিসাব ও প্রসবের সঠিক তারিখ অনেকক্ষেত্রেই সংরক্ষণ করতে পারে না। ষাঁড় ও তার সিমেনের কর্মক্ষমতা সম্পর্কে কোন ডাটাবেইজ নেই। নিবিড় যোগাযোগ না থাকায় ও সঠিক জ্ঞানের অভাবে খামারীরা উচ্চ মুল্যে বেসরকারী প্রজননকারী সংস্থার কাছে চলে যায়।

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

৬। টিসিবি (যদি থাকে)

৭। প্রত্যাশিত ফলাফল: প্রকল্পটি পাইলট এলাকায় ডেইরী উন্নয়ন ও মাংশ উৎপাদন বিকাশের জন্য নির্ধারন করা হয়েছে। দুধ ও মাংশ উৎপাদনের টেকসই উন্নয়ন তথা ভূমিহীন, ক্ষুদ্র, প্রান্তিক ও মাঝারী ডেইরী খামারীর কর্মসংস্থান, পুস্টির উন্নয়ন এবং আয়বৃদ্ধিই প্রধান লক্ষ্য। পাশাপাশি বেসরকারী সেক্টরের অংশগ্রহণ এবং খামীর পন্যের ন্যায্য মূল্যের জন্য স্থানীয় বাজার সৃষ্টি হবে। খামীর গাভীর তথ্য তাঁর হাতের মুঠায় থাকায় সেবা প্রদানকারী প্রতিষ্ঠান তথা প্রাণিসম্পদ দপ্তর তার door step এ অবস্থান করবে। অতি অল্প সময়ে প্রকল্প এলাকার সকল প্রজননকৃত গাভীর তথ্য সমৃদ্ধ Standard Database তৈরী করে অধিক উৎপাদনশীল সংকর জাতের গাভী সৃষ্টির মাধ্যমে প্রকল্প এলাকার প্রান্তিক জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং দুধ ও মাংসের চাহিদা পূরণ এবং গুনগত মানম্পন্ন বাছুর উৎপাদন নিশ্চিত হবে। বর্তমান সনাতন রেজিষ্টার পদ্ধতিতে কৃত্রিম প্রজননের তথ্য সংরক্ষণের পরির্বতে অনলাইনে তথ্য সংরক্ষিত হচ্ছে। ফলে প্রজননকৃত গাভীর বকনা ২.৫-৩ বছর পরে কৃত্রিম প্রজননের জন্য অফিসে আসবে। গাভীর বংশানুক্রম বা pedigree তথ্য অনলাইনে সংরক্ষণের ফলে গাভীর তথ্যে বেশ সহজলভ্য এবং হাতের মুঠায় থাকবে। ফলোশ্রুতিতে ডেইরী খামারীরা সঠিক কাংক্ষিত সংকর জাত সৃষ্টি করতে পারবে। গাভীর প্রজনন তথ্য অনলাইনে থাকার ফলে সমস্যার সমাধান হবে। গাভীর খামারীরাও তাদেঁর গাভীর তথ্য মোবাইল অ্যাপসের (Insemination Tracking) মাধ্যমে জানতে পারবে।





৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: পাইলটিং কার্যক্রম চলমান

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ-২৮/০২/২০১৮ এবং ১৪/০৫/২০১৯

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল:

ডা: পলাশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
তজুমদ্দিন, ভোলা।
মোবাইল: ০১৭৩১ ৬৭৯৩৬৭
ইমেইল: palash.vs@gmail.com

১১। ভিডিও (যদি থাকে)

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০৬

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ গ্রাম ভিত্তিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প

২। সমস্যাঃ

উপজেলার দূরের গ্রামের সেবা গ্রহিতাগণ (গবাদি পশু ও হাঁস-মুরগির মালিক) বিশেষ করে নারী,শিশু, প্রবীণ ও প্রতিবন্ধীরা তাদের গবাদি পশু ও হাঁস-মুরগির রোগের প্রকোপ ও অন্যান্য সমস্যা থাকা সত্বেও উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে এসে সময়,পরিবহন ব্যয় ও কষ্ট করে চিকিৎসা ও রোগ প্রতিরোধ সেবা না নেওয়া। প্রত্যন্ত অঞ্চলের সেবা গ্রহিতাগণ তাদের গবাদি পশুর চিকিৎসায় কবিরাজী ঔষধ, গ্রাম্য প্রাথমিক চিকিৎসকদের ঔষধ ব্যবহারের ফলে আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়া। আধুনিক প্রাণিসম্পদ সেবা উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে দুরের গ্রামে না পৌঁছানো।

৩। সমাধানঃ

সপ্তাহে ১ (এক) দিন উপজেলা প্রাণিসম্পদ অফিসার / ভেটেরিনারী সার্জন এর নেতৃত্বে টিম কতৃর্ক উপজেলার দুরের গ্রামে গবাদিপশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ এবং চিকিৎসা সেবায় আধুনিক প্রাণিসম্পদ সেবা ক্যাম্প পরিচালনা করা। প্রয়োজনে মোবাইল কলের মাধ্যমে উপজেলা প্রাণিসম্পদ অফিসার / ভেটেরিনারী সার্জন এর পরামর্শ গ্রহণ। জরুরী প্রয়োজনে প্রাণিসম্পদ স্বেচ্ছাসেবীদের মাধ্যমে তাৎক্ষনিক সেবা প্রদান। প্রকল্পে গৃহিত সমাধানে ফলে সেবা গ্রহিতাদের সময় , খরচ ও যাতায়াতসহ ভোগান্তি কমেছে।

৪। বর্ননা (ছবিসহ): গবাদি পশু ও হাঁস-মুরগির রোগ প্রতিরোধ ব্যবস্থা জোরদারকরণে গরু ,মহিষ, ছাগল,ভেড়াকে ক্ষুরা,তড়কা ,বাদলা ,গলাফুলা ও মুরগিকে রাণীক্ষেত ,কলেরা,ফাউল পক্স এবং হাঁসকে ডাক প্লেগ ও কলেড়া রোগের টিকা প্রদান। প্রাণিসম্পদের স্বাস্থ্য সেবা সুষ্ঠুভাবে প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কমর্কর্তা/ভেটেরিনারি সার্জন এর নেতৃত্বে টিম কতৃর্ক গবাদি পশু ও হাঁস-মুরগি পরীক্ষা করে চিকিৎসা ও অন্যান্য

স্বাস্থ্য সেবা প্রদান। প্রাণিসম্পদ উন্নয়নে পরামর্শ সেবা প্রদান। রোগ নিণর্য়ে প্রয়োজনে নমুনা সংগ্রহ। প্রাণিসম্পদ বিভাগের বুকলেট,ফোল্ডার ও লিফলেট বিতরণ।

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ):

পরিকল্পনা প্রণয়ন

⇓

টিম গঠন (ইউ.এল.ও/ভি.এস, ভি.এফ.এ ২জন ও সংশ্লিষ্ট এলাকার একজন প্রাণিসম্পদ স্বেচ্ছাসেবী)

⇓

উপকরণ সংগ্রহ (টিকা বীজ,সিরিঞ্জ,ঔষধ,যন্ত্রপাতি ইত্যাদি)

⇓

গ্রামভিত্তিক সেবা ক্যাম্পের অগ্রিম কমর্সূচি প্রণয়ন

⇓

অবহিত করণ ও সংশ্লিষ্ট এলাকায় প্রচারনা চালানো

⇓

টিম কতৃর্ক নিদির্ষ্ট তারিখ , সময় ও স্থানে সেবা ক্যাম্পের কাযর্ক্রম পরিচালনা ।

৬। টিসিবি (যদি থাকে)

টিসিভি(TCV)	প্রকল্প গ্রহণের আগে	প্রকল্প গ্রহণের পরে
সময় (Time)	১ দিন	৩০ মিনিট

খরচ (Cost)	৩০০টাকা	০.১৫-১০টাকা(টিকার মূল্য)
যাতায়াত (Visit)	১থেকে ৩বার	তাৎক্ষনিক সেবা; প্রয়োজনে ১বার

৭। প্রত্যাশিত ফলাফল

প্রত্যাশিত ফলাফল (টিসিভির আলোকে)	অর্জিত ফলাফল
সময়	৩ ঘন্টার স্থলে ২০মিনিটে কাজ সম্পন্ন
খরচ	২০০টাকার স্থলে ০.১৫-১০টাকা
যাতায়াত	৩ বারের পরিবর্তে প্রয়োজনে ১বার

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: প্রকল্পটি অবশ্যই টেকসইযোগ্য। প্রকল্পের সেবার মাধ্যমে সেবা প্রদানকারী প্রাণিসম্পদ বিভাগ ও সেবা গ্রহণকারী গবাদি পশু ও হাঁস-মুরগির মালিকগণ উভয় পক্ষই সুবিধা পাওয়ায় সহজেই গৃহিত হয়েছে।
৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ-২৮/০২/২০১৮ এবং ১৪/০৫/২০১৯
১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল:
ডা. আব্দুল মজিদ, সহকারি পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, রংপুর।
০১৭১২-০২১৭২০, maz_id10@yahoo.com
১১। ভিডিও (যদি থাকে)

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০৭

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ লাইভস্টক ডায়েরি" মোবাইল এ্যাপস

২। সমস্যাঃ গাজীপুর জেলার গাজীপুর সদর, কাপাসিয়া, কালিগঞ্জ, কালিয়াকৈর এবং শ্রীপুর সহ মোট ০৫টি উপজেলার প্রত্যন্ত এলাকার গবাদিপশু ও হাঁস-মুরগি লালন পালনকারীগণ দূর দূরান্ত হতে জেলা/উপজেলা অফিসে এসে পরামর্শ নেয়া খুবই কষ্টসাধ্য, সময়সাপেক্ষ এবং ব্যয়বহুল। পাশাপাশি অজ্ঞতা, সচেতনতার অভাব এবং পরামর্শ প্রাপ্তিস্থান সম্পর্কে পর্যাপ্ত ধারণা না থাকায় তাদের পক্ষে সঠিক পদ্ধতিতে গবাদিপশু ও হাঁস-মুরগি লালন করা সম্ভব হচ্ছেনা অন্য দিকে রোগবালাই সম্পকে নুন্যতম ধারনা না থাকার কারণে ক্রমাগত তারা ক্ষতিগ্রস্থ হচ্ছে। ফলশ্রুতিতে ডিম, দুধ ও মাংসের কাঙ্ক্ষিত উৎপাদন বাধাগ্রস্থ হচ্ছে ।

৩। সমাধানঃ

মোবাইল অ্যাপস এর মাধ্যমে খামারীগণ ---

১. গবাদিপশু ও হাঁস-মুরগির বিভিন্ন রোগ বালাই সম্পর্কে জানতে পারছেন।
২. গবাদিপশু ও হাঁস-মুরগির আধুনিক পদ্ধতিতে কম খরচে বাসস্থান তৈরীর সম্পর্কে জানতে পারছেন।
৩. চিকিৎসা সংক্রান্ত তথ্য ও পরামর্শ গ্রহণ করছেন।
৪. টিকা প্রদানের বিষয়ে ভ্যাক্সিনেশন সিডিউল জানতে পারছেন।
৫. কৃত্রিম প্রজনন বিষয়ে গাভী পালনকারী সেবা গ্রহণ করছেন।
৬. খামার স্থাপন ও উন্নত প্রযুক্তি বিষয়ক তথ্য জানতে পারছেন।
৭. গবাদিপশু ও হাঁস-মুরগির খাদ্য ও পুষ্টি সম্পর্কে জানতে পারছেন।
৮. গবাদিপশু ও হাঁস-মুরগির বিভিন্ন রোগ প্রতিষেধক টিকার ব্যবহার ও টিকা সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে জানতে পারছেন।
৯. বিভিন্ন সংক্রামক রোগের আগাম তথ্য জানতে পারছেন।
১০. জীবনিরাপত্তা বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করছেন।

৪। বর্ননা (ছবিসহ): প্রাণিসম্পদ উন্নয়নের বিভিন্ন প্রযুক্তি ও তথ্য সেবা সাধারণ জনগণের কাছে পৌঁছে দেওয়ার লক্ষ্যে "Livestock Diary" (লাইভস্টক ডায়েরি) শিরোনামে একটি মোবাইল অ্যাপস উদ্ভাবন করা হয়েছে। এই উদ্ভাবনী উদ্যোগের ফলে একদিকে যেমন সংশ্লিষ্ট সকল খামারী তাদের মোবাইল ফোনে খুব সহজে এবং যে কোন সময়ে প্রয়োজনীয় তথ্য পাচ্ছেন অন্যদিকে প্রাণিসম্পদের প্রতি আগ্রহী দেশের সাধারণ জনগণ তথ্য ভান্ডারে সমৃদ্ধ হচ্ছেন। বর্তমানে "লাইভস্টক ডায়েরি" মোবাইল এ্যাপস এর মাধ্যমে খামারীগণ কম

সময়ে, কম খরচে ও কম ভোগান্তিতে আধুনিক ও মানসম্পন্ন প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন তথ্যসেবা ও প্রযুক্তি ব্যবহার করছেন এবং প্রত্যন্ত অঞ্চলে মোবাইল ফোনের মাধ্যমে সুবিধা বঞ্চিতদের দোরগোড়ায় সেবা পৌঁছানো সম্ভব হয়েছে।

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

৬। টিসিবি (যদি থাকে)

৭। প্রত্যাশিত ফলাফল: বর্তমানে "লাইভস্টক ডায়েরি" মোবাইল এ্যাপস এর মাধ্যমে খামারীগণ কম সময়ে, কম খরচে ও কম ভোগান্তিতে আধুনিক ও মানসম্পন্ন প্রাণিসম্পদ সম্পর্কিত বিভিন্ন তথ্যসেবা ও প্রযুক্তি ব্যবহার করছেন। এই উদ্যোগের ফলে অতি সহজেই খামারীগণ পরামর্শ সেবা গ্রহন করতে পারছেন, ফলে দুধ, ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধি পাচ্ছে যা জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে।



৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ- ২৮/০২/২০১৮ খ্রি.

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল

ডাঃমোঃমুখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা ভেটেরিনারি হাসপাতাল, গাজীপুর।
০১৭১১-১৮৯৮৯৫; muklesdls@gmail.com

১১। ভিডিও (যদি থাকে)

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০৮

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ আধুনিক কৃত্রিম প্রজনন সেবার মাধ্যমে গর্ভধারনের হার বৃদ্ধি, মান সম্পন্ন বাছুর এবং অধিক দুধ উৎপাদন নিশ্চিতকরণ

২। সমস্যাঃ উপজেলা পর্যায়ে কেন্দ্রিয়ভাবে কৃত্রিম প্রজনন সেবার কোন ডাটা বেইজ নেই এবং খামারীদের সাথে নিবিড় যোগাযোগের অভাবে প্রজনন হার কম, Calving interval বেশী, সংকর জাতের বাছুর গুলো দুর্বল ও স্বাস্থ্যহীন থাক।

৩। সমাধানঃ www.ulosadullapur.gov.bd

পেজটি বিশেষভাবে ডিজাইন করা হবে যাতে ১৮ দিন পর এবং ৭৫ দিন পর প্রজননের তারিখটি বিশেষ রং ধারন করবে। ১৮তম দিনে প্রজনন সম্পর্কিত বিষয়ে মোবাইলে গাভীর মালিকের সাথে যোগাযোগ করে পরামর্শ দেওয়া হবে এবং ৭৫তম দিনের পর যোগাযোগ করে গর্ভপরিক্ষা নিশ্চিত করা করা হবে। একই সাথে স্বাস্থগত, পুষ্টি, কৃমিনাশক ও টীকা প্রদান সম্পর্কে পরামর্শ প্রদান করা হবে। ২৯০ দিনের পর টেলিফোনে বাছুর জন্মের খবর নেয়া এবং এড়ে, বকনা পেজে লিপিবদ্ধকরন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

৪। বর্ননা (ছবিসহ):

বিদ্যমান সেবাদান পদ্ধতি	নতুন সেবাদান পদ্ধতি
	

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

প্রয়োজনীয় সম্পদ			কোথা হতে পাওয়া যাবে?
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	
জনবল	নিজস্ব	--	
বস্তুগত	ডোমেইন ও সফটওয়্যার	৫,০০০/-	টিম লিডারের নিজস্ব অর্থায়নে
অন্যান্য			
প্রয়োজনীয় মোট অর্থ		৫,০০০/-	

৬। টিসিবি (যদি থাকে)

৭। প্রত্যাশিত ফলাফল:

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৫	৫*৩০০=১,৫০০/	৫
আইডিয়া বাস্তবায়নের পরে	২	২*৩০০=৬০০/-	২
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	৩	৯০০/-	৩
অন্যান্য সুবিধাঃ ❖ নিবিড় যোগাযোগের ফলে ১০% দুধ উৎপাদন বৃদ্ধিপাবে বাছুরের দাম ২০% বেশী হবে এবং Calving interval ৪/৫ মাস কম হবে।			

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ (উত্তর হ্যাঁ হলে শোকেসিং-এর তারিখ প্রদান করুন)

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল: ডাঃ এ এস এম সাদেকুর রহমান, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সাদুল্লাপুর, গাইবান্ধা, ০১৭১০৪১৫২৫৭, sadeqdls@gmail.com

১১। ভিডিও (যদি থাকে)

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০৯

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ তৃনমূল পর্যায়ে টিকাপ্রদান কর্মীর মাধ্যমে গবাদিপ্রাণি ও হাঁস-মুরগীর টিকা প্রদান সেবা সহজীকরণ

২। সমস্যাঃ সময়মত সঠিক টিকা পাওয়ার অনিশ্চয়তা ।অদক্ষ সেবা প্রদানকারীদের দ্বারা বিভ্রান্তিতে পড়া ।টিকার সুষ্ঠ বন্টনের অভাব ।আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হওয়া ।

৩। সমাধানঃ সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে প্রশিক্ষীত টিকাদান কর্মীরমাধ্যমে নির্ধারিত এলাকায় গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর টিকা প্রদান। টিকাদান ক্যালেন্ডার অনুসরনের মাধ্যমে ইউনিয়ন পরিষদ অফিস/ এলাকা ভিত্তিক টিকাদান কার্যক্রম পরিচালনা করা। ইউনিয়ন পরিষদ থেকে টিকা গ্রহনের সুযোগ সৃষ্টি করতে হবে।

৪। বর্ননা (ছবিসহ)

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

প্রয়োজনীয় সম্পদ			**কোথা হতে পাওয়া যাবে?**
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	
জনবল	২জন টিকাদানকর্মী।		সংশ্লিষ্ট ইউনিয়ন থেকে
বস্তুগত	টিকা,ফ্রিজ,ফ্লাস্ক,সিরিঞ্জ, নিডল,খাতা,কলম,কিট বক্স,ব্যাগ।	১,০০,০০০/-	উপজেলাপরিষদের ফান্ড/স্থানীয় গন্যমান্য ব্যক্তি,প্রাণিসম্পদ দপ্ত রর অব্যবহৃত বা মেরামতযোগ্য ফ্রিজ মেরামত করে।
অন্যান্য	প্রশিক্ষন	------	উপজেলা প্রাণিসম্পদ অফিস থেকে বিনা মুল্যেপ্রশিক্ষন দেয়া হবে।
প্রয়োজনীয় মোট অর্থ		১,০০,০০০/-	পরিষদের ফান্ড/স্থানীয় গন্যমান্য ব্যক্তি,প্রাণিসম্পদ দপ্তরর অব্যবহৃত বা মেরামতযোগ্য ফ্রিজ মেরামত করে।

৬। টিসিবি (যদি থাকে):

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	৫ - ১৫দিন	২০০ - ৩১০/-	২ - ৪ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	১ -২ দিন	১০ – ২০/-	০ - ১ বার
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	৪ – ১৩দিন সময় কমবে	১৯০ – ২৯০/টাকা কমবে	২ – ৩ বার যাতায়াত কমবে
অন্যান্য সুবিধাঃ	১। গবাদি প্রাণি ও হাঁস-মুরগীর মৃত্যু হার কমবে। ২। দুধ,ডিম ও মাংস উৎপাদন বৃদ্ধি পাবে। ৩। আত্ন কর্মসংস্থান এর সুযোগ সৃষ্টি হবে।		

৭। প্রত্যাশিত ফলাফল

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: ফরিদপুর জেলার প্রতিটি উপজেলায় পাইলটিং চলছে।

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ ২৮/০২/২০১৮ এবং ১৪/০৫/২০১৯

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল:

ডাঃ নুরুল্লাহ: আহসান, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফরিদপুর।
০১৭১২৭৫১৮১৬; nurullahccbdf@gmail.com

১১। ভিডিও (যদি থাকে)

ইউনিয়ন

খামারীদের তালিকা তৈরী ও ফোকাল পয়েন্ট

ইউনিয়ন টিকাদান কর্মী নির্বাচন

খামারীদের সচেতনতা বৃদ্ধি

ক্যালেন্ডার ভিত্তিক টিকা

নিয়মিত তদারকি ও পরামর্শ প্রদান

মূলায়ন

শেষ

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ১০

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ প্রান্তিক কৃষকের দোরগোড়ায় গাভী ও বকনার কৃত্রিম প্রজনন সেবা প্রদান

২। সমস্যাঃ অফিস দূরবর্তী স্থানে অবস্থিত হওয়ায় দ্রুত গাভী ও বকনা নিয়ে উপস্থিত হতে না পারা। গাভী ও বকনা পালনকারী এবং খামারীদের কৃত্রিম প্রজননের সঠিক সময় সম্পর্কে অজ্ঞতা।

৩। সমাধানঃ লিফলেট বিতরনের মাধ্যমে উদ্বুদ্ধকরণ, এসএমএস/মোবাইল ফোনের মাধ্যমে অবহিত হওয়া এবং এসএমএস এর মাধ্যমে সেবাগ্রহিতাকে অবহতিকরণ, কৃষকের বাড়ীতে FAAI এর মাধ্যমে কৃত্রিম প্রজনন সেবা প্রদান, ভেটেরিনারী সার্জন/ইউএলও এর সাথে মোবাইল ফোনে পরামর্শ করে প্রজনন সংক্রান্ত রোগের সমাধান। ভেটেরিনারী সার্জন/ইউএলও এর সাথে মোবাইল ফোনে পরামর্শ করে প্রজনন সংক্রান্ত রোগের সমাধান।

৪। বর্ননা (ছবিসহ): বর্তমান অবস্থায় একজন খামারী/গবাদিপশু পালনকারী অফিসে এসে কৃত্রিম প্রজনন সেবা পেতে গিয়ে যে সময় ও অর্থ ব্যয় করেন তা থেকে পরিত্রাণ প্রদানের লক্ষ্যে অর্থাৎ প্রাণিসম্পদ অফিসে না এসেও তিনি যেন নিজ এলাকা থেকে সহজে সেবা পেতে পারেন তার জন্যই এই আইডিয়ার উদ্ভাবনের প্রচেষ্টা।

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

প্রয়োজনীয় সম্পদ			কোথা হতে পাওয়া যাবে?
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ	
জনবল	বিদ্যমান	---	---
বস্তুগত	লিফলেট তৈরি	৫০০০/-	উপজেলা পরিষদ
অন্যান্য	এসএমএস বান্ডেল ক্রয় ও প্রচার-প্রচারণা	১০০০০/-	উপজেলা পরিষদ

৬। টিসিবি (যদি থাকে)

৭। প্রত্যাশিত ফলাফল

	সময়	খরচ	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	২-৬ ঘন্টা	৪৩০-৮৩০/-	১-২ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	১ ঘন্টা	৩০/-	০
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহিতার প্রত্যাশিত বেনিফিট	১ ঘন্টা -৫.৩০ ঘন্টা	৪০০-৮০০/-	১-২ বার

৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: পুন পাইলটিং এর কার্যক্রম চলমান।

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ (উত্তর হ্যাঁ হলে শোকেসিং-এর তারিখ প্রদান করুন)

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল

ড. মোঃ আবু সাঈদ সরকার, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, গৌরিপুর, ময়মনসিংহ

০১৭১১-৭০৭৭১০

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ১১

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ **প্রাণি চিকিৎসা ব্যবস্থাপনায় ই-ভেট সফটওয়্যার**

২। সমস্যাঃ প্রাণিসম্পদ অধিদপ্তরের দেশব্যাপি চলমান সকল কার্যক্রমের মধ্যে জনঘন, জনগুরুত্বপূর্ণ এবং সর্বাধিক জনপ্রিয় কার্যক্রম "প্রাণিকুলের চিকিৎসা"। সারা দেশের ৪৯২ টি উপজেলার ভেটেরিনারি হাসপাতালে প্রতিদিন আগত প্রায় ৯৫% কৃষক-খামারীগণ (প্রায় এক লক্ষ) পশুপাখির চিকিৎসা সেবার জন্যেই আসেন। কিন্তু প্রাণিসম্পদ অধিদপ্তরের জনবল সংকট, কৃষক-খামারীগণ এর বাস্তব অবস্থান এর তুলনায় হাসপাতালের সংখ্যা ও অবস্থান, প্রাণি চিকিৎসার স্বাতন্ত্র প্রকৃতি প্রভৃতি কারনে বিদ্যমান ব্যবস্থায় সময়, অর্থ এবং ধাপ (ক্লেশ) সমূহ সেবা বাস্তবায়নে জটিলতার সৃস্টি করছে। ফলে, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা অর্জনের চ্যালেঞ্জ মোকাবেলা, রপ্তানিমুখী প্রাণিজ আমিষ উৎপাদন, অভিবাসন বিমূখ কর্মসংস্থান সৃষ্টি এবং প্রাণিসম্পদ শিল্পায়নে কাংখিত লক্ষ অর্জন বাধাগ্রস্থ হচ্ছে।

৩। সমাধানঃ খামারী ও গবাদিপশু-পাখির ইউনিক নম্বর ও তথ্য সম্বলিত অনলাইন একাউন্ট, রোগীর প্রোফাইল, অনলাইন অ্যাপয়েন্টমেন্ট, টেলিমেডিসিন, ইনভেন্টরি ম্যানেজমেট, ঔষধের তথ্য ও নিয়মাবলী, ল্যাব ডায়াগনোষ্টিক, খামারীগণের অনুযোগ (কল্যাণ) ব্যবস্থাপনা, ড্যাশবোর্ড, আউটডোর ম্যানেজমেন্ট (পেশেন্ট ম্যানেজমেন্ট), রিপোর্টেবল রোগের নোটিফিকেশন এবং বিভিন্ন আঙ্গিকে চিকিৎসার প্রতিবেদন সম্পর্কিত মডিউল রয়েছে এ সফটওয়্যারে।

৪। বর্ননা (ছবিসহ):

৫। সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ)

রিসোর্স ম্যাপ

প্রয়োজনীয় সম্পদ		
খাত	বিবরণ	প্রয়োজনীয় অর্থ
জনবল	প্রাণিসম্পদ অধিদপ্তরের বিদ্যমান জনবল	-
বস্তুগত	ল্যাপটপ, ডেস্কটপ, স্ক্যানার, প্রিন্টার, ইন্টারনেট ডিভাইস, ডিজিটাল ট্র্যাকার	রাজস্ব খাত
অন্যান্য	প্রশিক্ষণ	রাজস্ব খাত
প্রয়োজনীয় মোট অর্থ	রাজস্ব খাত	-

ই-ভেট সার্ভিস এর অগ্রগতি

- ❑সফটওয়্যার ডেভেলপমেন্ট প্রতিষ্ঠান রিভ সিস্টেমস লি: এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে
- ❑ইনসেপশন রিপোর্ট পাওয়া গেছে
- ❑মে ২০১৮ এর মধ্যে সফটওয়্যার ডেভেলপমেন্ট সম্পন্ন হবে
- ❑জুলাই ২০১৮ হতে খামারি প্রশিক্ষণ শুরু হবে এবং দুটি উপজেলায় পাইলটিং শুরু হবে
- ❑চুক্তিবদ্ধ প্রতিষ্ঠান পরবর্তী এক বছর সাপোর্ট সার্ভিস অব্যাহত রাখবে

৬। টিসিবি (যদি থাকে)

সমাধান

১। ওয়েব এপ্লিকেশন এবং মোবাইল ফোন এপ্লিকেশনসহ সফটওয়্যার প্রবর্তন
২। চিকিৎসক এবং কৃষক-খামারীগণ নৈকট্য বৃদ্ধি এবং জনসচেতনতা বাড়ানো
৩। ব্যবস্থাপনাকে ম্যানুয়াল হতে সহজতর ইলেক্ট্রনিক করা

প্রত্যাশিত ফলাফল (TCV)

শিরোনাম	সময় (দিন)	খরচ (টাকা)	যাতায়াত (বার)
আইডিয়া বাস্তবায়নের আগে	৪-৫	৮০০-১০০০	৩-৪
আইডিয়া বাস্তবায়নের পরে	১	১০০-২০০	১-২
আইডিয়া বাস্তবায়নের ফলে সেবা গ্রহীতার প্রত্যাশিত বেনিফিট	৩-৪	৭০০-৮০০	২
অন্যান্য চূড়ান্ত ফলাফল	১। সময়মত সঠিক চিকিৎসার ফলে গবাদিপশুর মৃত্যুহার কমবে ২। প্রাণিজাত আমিষ উৎপাদন বৃদ্ধি পাবে এবং রপ্তানি সম্ভাবনা দ্রুত বাড়বে ৩। কর্মসংস্থান বাড়বে ৪। জনস্বাস্থ্য সংরক্ষন সহজতর হবে		

৭। প্রত্যাশিত ফলাফল



৮। বর্তমান অগ্রগতি ও অবস্থা: গোপালগঞ্জ ও গাজীপুর জেলার দুইটি উপজেলায় পাইলটিং চলমান। ইভেট সার্ভিস এর সফটওয়্যার ডেভেলপমেন্ট এবং ন্যাশনাল ডাটা সেন্টার এ হোস্টিং ইতোমধ্যেই সম্পন্ন হয়েছে, ডোমেইন নাম বিটিসিএল এ রেজিস্ট্রেশন হয়েছে (www.evet.gov.bd), মোবাইল এ্যাপ (ই-ভেটেরিনারি সার্ভিস/e-veterinary service) চালু রয়েছে, বিভিন্ন ধরণের ট্রায়াল সম্পন্ন করা হয়েছে, দুটি উপজেলায় গোপালগঞ্জের কাশিয়ানি এবং গাজীপুর সদর উপজেলা) সব ধরনের ইউজার প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে, একটি ওয়ার্কশপের মাধ্যমে মন্ত্রণালয় ও অধিদপ্তরের সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে এবং পরীক্ষামূলক ব্যবহার সাফল্যের সাথে চলছে।

৯। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনাঃ হ্যাঁ -২৮/০২/২০১৮

১০। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইলে ও ইমেইল

ড. সৈয়দ আলী আহসান, সহকারি পরিচালক (এল/আর)

ইপিডেমিওলজী ইউনিট, ডিএলএস, ঢাকা।

০১৭১৫-১৫৬৯১১; ahasan67@gmail.com

১১। ভিডিও (যদি থাকে)



৫.২ TCV (Time, Cost & Visit) অনুসারে বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনা

ক্ষেত্র	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (Time)	৩৭ দিন	১৬ দিন
খরচ (Cost)	রেজিষ্ট্রেশন **ফি** + ৬০০/-	**ফি** + ২০০/-
ভিজিট (Visit)	**৩ বার**	**১ বার**
ধাপ (Steps)	১৩	১০
জনবল (HR)	৯ জন	৯ জন
সেবা প্রাপ্তির স্থান (Access Point)	**উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিস**	**উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার অফিস ,** ইউনিয়ন ডিজিটাল সেন্টার

৫.৩ বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির তুলনামূলক পর্যালোচনা:

ক্ষেত্র	বিদ্যমান পদ্ধতি	প্রস্তাবিত পদ্ধতি
সময় (Time)	৩৭ দিন বিদ্যমান পদ্ধতিতে রেজিষ্ট্রেশনের জন্য আবেদন দাখিল থেকে সনদ গ্রহণ পর্যন্ত ৫০ দিন সময় ব্যয় হয়। রেজিষ্ট্রেশনের ফর্ম পূরণের জন্য অতিরিক্ত সময় ব্যয় হয়।	১৬ দিন প্রস্তাবিত পদ্ধতিতে রেজিষ্ট্রেশনের ফর্ম পূরণের জন্য ইউডিসি ব্যবহার করায় এবং ফর্ম ই-মেইলের মাধ্যমে প্রেরণ করায় রেজিষ্ট্রেশন প্রদান সহজতর হবে
খরচ (Cost)	বিদ্যমান পদ্ধতিতে রেজিষ্ট্রেশন ফি বাদে একজন খামারিকে গড়ে ৬০০ টাকা খরচ হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে রেজিষ্ট্রেশন ফি বাদে একজন খামারিকে গড়ে ২০০ টাকা খরচ হবে।
ভিজিট (Visit)	বিদ্যমান পদ্ধতিতে একজন খামারিকে অন্তত ৩ বার উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে যেতে হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে একজন খামারিকে অন্তত ১ বার উপজেলা প্রাণিসম্পদ দপ্তরে যেতে হবে।
ধাপ (Steps)	বিদ্যমান পদ্ধতিতে ১৩ টি ধাপে কার্যাদি সম্পন্ন হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে ইউডিসি অফিসে আবেদন দাখিলের ব্যবস্থা রাখায় ৩ টি ধাপ হ্রাস পেয়েছে।
জনবল (HR)	বিদ্যমান পদ্ধতিতে ৯ জন জনবল নিয়োজিত থাকতে হয়।	প্রস্তাবিত পদ্ধতিতে ৯ জন জনবল নিয়োজিত থাকতে হবে।
সেবা প্রাপ্তির স্থান (Access Point)	বিদ্যমান পদ্ধতিতে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে সেবা গ্রহণ করা যায়।	প্রস্তাবিত পদ্ধতিতে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সেবা প্রাপ্তির ব্যবস্থা রাখা হয়েছে ।

৫.৪ প্রস্তাবিত পদ্ধতির সুফল:

প্রস্তাবিত পদ্ধতি বাস্তবায়িত হলে তা একাধিক সুফল বয়ে আনতে পারে। বিদ্যমান পদ্ধতিতে শুধুমাত্র উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে সেবা গ্রহণের ব্যবস্থা রাখা হয়েছে। অপরপক্ষে, প্রস্তাবিত পদ্ধতিতে আবেদনপত্র ইউনিয়ন ডিজিটাল সেন্টার/ উপজেলা প্রাণিসম্পদ দপ্তর থেকে গ্রহণ ও দাখিলের সুযোগ রাখার প্রস্তাব করা হয়েছে। এটি করা গেলে দূরবর্তী স্থানে বসবাসরত খামারিরা উপজেলা সদরে না এসে নির্ধারিত আবেদনপত্র গ্রহণ এবং দাখিল করতে পারেন। এতে তাদের সময় এবং খরচ হ্রাস পাবে, বেশী সংখ্যক খামারি রেজিষ্ট্রেশন আগ্রহী হবে। অপর পক্ষে, একাধিক স্থান থেকে সেবা প্রদানের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা প্রদানের সরকারি অঙ্গীকার বাস্তবায়ন সহজতর হবে।

প্রস্তাবিত সুপারিশমালা বাস্তবায়ন করলে নিম্নবর্ণিত সুফল বয়ে আনতে পারে :

- ❖ খামারিরা রেজিস্ট্রেশন-এ উদ্বুদ্ধ হবে
- ❖ খামার রেজিস্ট্রেশন-এর মাধ্যমে সরকারি সুবিধাদি- যেমন সরকারি ঋণ , ক্ষতিপূরণ অর্থ সহজে পাবে
- ❖ রেজিস্ট্রেশনকৃত খামার প্রানিসম্পদ দপ্তর হতে প্রাপ্ত সুবিধাদি বিশেষ করে চিকিৎসা ও কৃত্রিম প্রজনন সেবা সহজে প্রাপ্ত হবে
- ❖ ডাটাবেজের মাধ্যমে উপজেলার খামারের সঠিক তালিকা সংরক্ষিত হবে
- ❖ খামারিদের প্রানিসম্পদ দপ্তর হতে সেবা প্রদান বিশেষ করে চিকিৎসা ও কৃত্রিম প্রজনন সেবা সহজতর হবে
- ❖ জাতীয় পরিকল্পনায় প্রানিসম্পদ উন্নয়নে অবদান রাখবে

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০১

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনাম: দুগ্ধ খামারে প্রজনন ব্যবস্থাপনায় বিএলআরআই ব্রিডিং ম্যানেজার মোবাইল এ্যাপ্লিকেশন উদ্ভাবন

২। বিদ্যমান সমস্যা :

খামারী গাভীর হিটে আসার, প্রজনন করার, প্রেগনেন্সী ডায়াগনোসিস ও বাচ্চা প্রদানের সঠিক সময় নির্ধারন করতে পারেনা। ফলে নির্ধারিত সময়ে প্রজনন করতে না পারার কারনে বছরে একটি গাভী থেকে একটি বাচ্চা পাওয়ার কাঙ্কিত লক্ষ অর্জন করা সম্ভব হয়না যা খামারের কম বাচ্চা উৎপাদন ও খামারীর আর্থিক লোকসানের কারন, এবং তা খামারী ও উদ্যোক্তাদরে খামার করতে নিরুৎসাহিত করে ।

৩। সমস্যার সমাধান ও বর্ণনা:

- ✓ একটা মোবাইল এ্যাপ্লিকেশন তৈরী করা হবে যা ব্যবহার করে খামারী খামারে না যেয়েও খামারের সঠিক প্রজনন ব্যবস্থাপনা করতে পারবে
- ✓ স্বয়ংক্রিয় এর্লাম এর মাধ্যমে গাভীর গরম হওয়া, প্রেগনেন্সি ডায়াগনোসিস ও বাচ্চা প্রদানের সম্ভাব্য তারিখ সর্ম্পকে পূর্ব অবহিত হতে পারবে
- ✓ খামারের প্রজনন সর্ম্পাকত সকল তথ্য সংরক্ষণ ও তার সঠিক ব্যবস্থাপনার ফলে খামারের কাঙ্খিত জাত উন্নয়ন সম্ভব হবে
- ✓ দুগ্ধ খামারে মোবাইল এ্যাপ্লিকেশন ভিত্তিক ব্রিডিং ম্যানেজার ব্যবহার করে সঠিক প্রজনন ব্যবস্থাপনার মাধ্যমে অধিক লাভবান হওয়া সম্ভব

একটি ডেইরী খামারে উৎপাদন অবস্থা অনুযায়ী প্রানীর বিণ্যাস

প্রানীর ধরন	প্রানীর সংখ্যা	ট্যাগ নং
গর্ভবতী নয় এমন দুগ্ধবতী গাভী	৩	১,২,৩
দুগ্ধবতী গাভী	২	৪,৫
গর্ভবতী শুষ্ক গাভী	১	৬
গর্ভবতী নয় এমন শুষ্ক গাভী	-	-
গর্ভবতী বকনা	১	৭
গর্ভবতী নয় এমন বকনা	১	৮
বাড়ন্ত প্রানী	২	৯,১০
বাচ্চা	৫	১১,১২,১৩,১৪,১৫
ষাড়	১	১৬

বিএলআরআই ব্রিডিং ম্যানেজার মোবাইল এ্যাপ্লিকেশন অনুয়ায়ী প্রজনন ব্যবস্থাপনা

ইভেন্টস	**জুন ২০১৯**							
	১	২	৩	৪	৫	৬	৭	৮
বাচ্চা প্রদান				৬ নং গাভী		৭ নং গাভী		
বাচ্চা প্রদানের পর পুনরায় হিট চেক আপ (৬০ দিন পর)		২ নং গাভী						
বাচ্চা প্রদানের পর প্রজনন (৮০-৮৫ দিন পর)			১ নং গাভী					

প্রজননের ২১ দিন পর পুনরায় হিট চেক আপ								৩ নং গাভী **x**
প্রেগনেন্সী ডায়াগনোসিস (প্রজননের ৬০ দিন পর)	৫ নং গাভী							
ড্রহি অফ (বাচ্চা প্রদানের ৬০ দিন পূর্বে)		৪ নং গাভী						
প্রথম হিটে আসার তারিখ			৮ নং বকনা					

৪. সমাধান পদ্ধতি (প্রসেস ম্যাপ):



৫। প্রত্যাশিত ফলাফল

- ✓ খামারের বাচ্চা উৎপাদন বৃদ্ধি
- ✓ খামারের দুধ উৎপাদন বৃদ্ধি
- ✓ খামারীর আর্থিক লাভ

৬। বর্তমান অগ্রগতি ও অবস্থা:

মোবাইল এ্যাপ্লিকেশনটি তৈরির জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহপূর্বক এ্যাপ্লিকেশনটি তৈরীর কাজ চলমান রয়েছে। এ্যাপ্লিকেশনটি তেরীর পর এটি বাংলাদেশ প্রানিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের খামারে প্রাথমিক পাইলটিং করা হবে।

৭। শোকেসিং-এ প্রদর্শন হয়েছে কিনা? হ্যা (১৪/ ০৫/২০১৯ তারিখে শোকেসিং-এ প্রদর্শন হয়েছে)

৮। উদ্ভাবকের নাম, ঠিকানা, মোবাইল ও ই মেইল:

মো: ফয়জুল হোসাইন মিরাজ বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ বিএলআরআই মোবাইল: ০১৯২৬৫৩৩৬৪২ ই-মেইল: miraz.blri@gmail.com	মো: আহসানুল কবির বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ বিএলআরআই মোবাইল: ০১৬১৭৮৫৩০৫৬ ই-মেইল: rupom353@gmail.com

উদ্ভাবনী উদ্যোগের তথ্যাদিঃ ০২

১। উদ্ভাবনী উদ্যোগের শিরোনামঃ ব্যবস্থাপনায় BLRI FeedMaster মোবাইল এপ্লিকেশন প্রবর্তন লাভজনক খামার

২। সমস্যাঃ সঠিক পরিকল্পনা, খাদ্য ও খামার ব্যবস্থাপনা ও তথ্যের অভাবে খামারের উৎপাদন অবস্থা অনুযায়ী খাদ্য চাহিদা নিরূপণ ও সঠিক সময়ে টিকা প্রদান করতে না পারায় দুধ ও মাংসের উৎপাদন খরচ বেড়ে যায় এবং রোগের প্রাদুর্ভাব ও বিস্তার ঘটে। ফলে খামারীরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং তা খামারী ও উদ্যোক্তাদের খামার করতে নিরুৎসাহিত করে ।

